

ঝি থেকে ছিন্ন হয়ে

(অরণ্য সিরিজ থেকে)

বৃষ্টি পড়ছে বন বাঙলোয়, রাত্রি অনেক হল,
আকাশ থেকে বৃষ্টি পড়ছে, তীব্র হলাহল - ও;---
বন বাঙলোয় জন্ম আছে আমরা কটি প্রাণী,
প্রথম দিকে বেজেছে ঠিক অরণ্যময় গান-ই!
এখনো পথ বন্ধ আছে, বাইরে যাওয়া নেই,
নগর থেকে বাজার থেকে হারিয়ে
গেছে খেই;
যতক্ষণ নগর থাকে পিছন পিছন ঠিক
ততক্ষণই অরণ্য গান নাচায় দিক্ - বিদিক্!
যে আমরা হারিয়ে গেলাম অরণ্যময় কোনে,
ভিতর থেকে বিপদজনক প্রহরা কেউ গোনো!
বৃষ্টি পড়ছে, রাত বাড়ছে, নদী উঠছে ফেঁপে,
হাতপাগুলি ঠিঠি করছে, হাড় উঠছেন কেঁপে!

ঝি থেকে ছিন্ন হয়ে আমরা অকস্মাৎ,---
রাত অন্ধকার, নিশুত হাওয়া
বন বাঙলোর রাত!

কৃষ্ণা বসু

